গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, যশোর
www.doict.jessore.gov.bd

# জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আশেক হাসান
জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা আইসিটি কমিটি, যশোর।

সভার তারিখ ও সময় : ২৯ মার্চ ২০২৬ সকাল: ১০:৩০ ঘটিকা।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ 'সনেট', যশোর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত
১.১. জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন:

| ক্র: নং | কর্মকর্তা | ইউডিসি পরিদর্শন/দর্শন | |
|---|---|---|---|
| | | পরিদর্শন | দর্শন |
| ১. | জেলা প্রশাসক, যশোর | ০৩টি | ০১টি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর | ০২টি | ০২টি |

১.২ উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য:

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা | | ইউডিসি | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি এর সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | অন্যান্য প্রশিক্ষণ |
| ১ | যশোর সদর | ২৪/০২/২০২৬ | হ্যাঁ | ১৫ | ২ | ২ | |
| ২ | বাঘারপাড়া | ১৩/০২/২০২৬ | হ্যাঁ | ৯ | ২ | ২ | |
| ৩ | অভয়নগর | ২৩/০২/২০২৬ | হ্যাঁ | ৮ | ২ | ২ | |
| ৪ | ঝিকরগাছা | ২৩/০২/২০২৬ | হ্যাঁ | ১১ | ২ | ২ | |
| ৫ | চৌগাছা | ২৫/০২/২০২৬ | হ্যাঁ | ১১ | ২ | ২ | |
| ৬ | কেশবপুর | ২৪/০২/২০২৬ | হ্যাঁ | ১১ | ৪ | ৩ | |
| ৭ | মনিরামপুর | ২৩/০২/২০২৬ | হ্যাঁ | ১৭ | ২ | ২ | |
| ৮ | শার্শা | ২২/০২/২০২৬ | হ্যাঁ | ১১ | ২ | ২ | |

১.৩ মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেম এর ফেব্রুয়ারি/২০২৬ মাসের প্রতিবেদনঃ

| উপজেলার নাম | মোট মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | নিজ উদ্যোগে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | সচল মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা (%) | মোট ক্লাস | পারফরমেন্স (%) |
|---|---|---|---|---|---|
| অভয়নগর | ৬৬ | ২ | ৬০ | ১৭৪ | |
| বাঘারপাড়া | ৯৬ | ২ | ৯২ | ২৫৫ | |
| চৌগাছা | ৮৪ | ২৩ | ৯৪ | ২৯১ | |
| ঝিকরগাছা | ৭৫ | ০ | ৮০ | ১৮৭ | |
| কেশবপুর | ৯১ | ১ | ৫৩ | ১৯২ | |
| যশোর সদর | ১৪৯ | ৩৩ | ৮৭ | ৪০১ | |
| মনিরামপুর | ১৫৭ | ১ | ৮৪ | ২৭৯ | |
| শার্শা | ৭৮ | ১৮ | ৫০ | ১৮৫ | |
| **সারাংশ** | ৭৯৬ | ৮০ | ৭৭% | ১৯৬৪ | |

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং প্রথমে জেলা আইসিটি কমিটির সভা ফেব্রুয়ারি/২০২৬ মাসের কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

**২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১। ওয়েবপোর্টালঃ**<br>(ক) জেলা আইসিটি অফিসার, যশোর জানান যে, ওয়েবপোর্টালের নতুন ফ্রেমওয়ার্ক আপডেট হওয়ায় পুরাতন ইউজার আইডি দিয়ে প্রবেশ করা যাচ্ছে না। এমতাবস্থায়, এ জেলার স্ব স্ব দপ্তরকে দাপ্তরিক ইমেইল ও পাসওয়ার্ড পরিবর্তন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১.১। জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি অফিসগুলোর ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। বিশেষ করে, এ জেলার সকল সরকারি দপ্তরের ওয়েবসাইটের কর্মকর্তা/কর্মচারী প্রোফাইল, তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপিল কর্মকর্তা, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা, নোটিশ বোর্ড, সিটিজেন চার্টার ইত্যাদি তথ্য হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। ওয়েবপোর্টালের নতুন ফ্রেমওয়ার্ক অনুযায়ী এ জেলার স্ব স্ব দপ্তরকে দাপ্তরিক ইমেইল ব্যবহার ও পাসওয়ার্ড পরিবর্তন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক, যশোর; অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর; জেলা আইসিটি অফিসার, যশোর; সহকারী কমিশনার, (আইসিটি), যশোর; স্ব স্ব দপ্তর প্রধান, যশোর; সহকারী প্রোগ্রামার (সকল), যশোর, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, যশোর। |
| **২। ডি-নথি কার্যক্রমঃ**<br>সহকারী কমিশনার (আইসিটি) জানান, ডিজিটাল জেলা যশোরের ভাবমূর্তি অক্ষুণ্ণ রাখতে দাপ্তরিক কাজে ডি-নথির ব্যাপক ব্যবহার নিশ্চিত করতে হবে। ডি-নথি ব্যবহারে কোনো সমস্যা হলে আইসিটি অধিদপ্তর, যশোর জেলা কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।<br>জেলা আইসিটি অফিসার, যশোর জানান- জেলা ও উপজেলার নিষ্ক্রিয় অফিসের তালিকা জেলা প্রশাসক, যশোর বরাবর প্রেরণ করা হয়েছে। | ২.১। জেলা ও উপজেলা পর্যায়ে ডি-নথির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোর হতে নিষ্ক্রিয় অফিসের তালিকা অনুযায়ী জেলা প্রশাসন যশোর হতে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর; জেলা আইসিটি অফিসার, যশোর; সহকারী কমিশনার, আইসিটি, যশোর; উপজেলা আইসিটি অফিসার (সকল), সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, যশোর। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **৩। ফ্রিল্যান্সিং প্রশিক্ষণঃ**<br>(ক) যশোর জেলায় বেকার যুবক-যুবতীদের মধ্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনের নিমিত্তে জেলা প্রশাসকের কার্যালয়, যশোর হতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর-কে গত অর্থবছরে পত্র প্রেরণ করা হয়েছিলো। উপজেলা আইসিটি অফিসার, অভয়নগর ও ঝিকরগাছা যশোর জানান অভয়নগর ও ঝিকরগাছা উপজেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>উপজেলা আইসিটি অফিসার, কেশবপুর, যশোর জানান এপ্রিল/২০২৬ মাসে কেশবপুর উপজেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শুরু হবে। অবশিষ্ট উপজেলায় প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১। কেশবপুর উপজেলায় এপ্রিল/২০২৬ মাসে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবং অবশিষ্ট যেসব উপজেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়নি সেসব উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে উপজেলা পরিষদ হতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে দ্রুত উক্ত প্রশিক্ষণ শুরু করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br><br>৩.২। উপজেলা পরিষদের এডিপি খাতের বরাদ্দ হতে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের বিষয়ে জেলা প্রশাসন, যশোর হতে পূর্বের মত পত্র প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর; উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর; জেলা আইসিটি অফিসার, যশোর; উপজেলা আইসিটি অফিসার (সকল), যশোর। |
| **৪। আইসিটিডি ডিজিটাল ল্যাবঃ**<br>(ক) আইসিটি অধিদপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদেরকে নিয়মিত ল্যাবসমূহ পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয় এবং নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ৪.১। আইসিটি অধিদপ্তর, যশোর এর জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ এ জেলার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে আইসিটিডি ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শনপূর্বক SOMS (স্মার্ট অফিস ম্যানেজমেন্ট সিস্টেম) এ প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও জেলা আইসিটি অফিসার, যশোর; জেলা শিক্ষা অফিসার, যশোর; জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর; উপজেলা আইসিটি অফিসার (সকল), যশোর; সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, যশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। |
| **৫। উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ**<br>(ক) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মহোদয় বলেন, প্রতি মাসে নির্ধারিত তারিখ ও সময়ে সভা অনুষ্ঠান করে তার কার্যবিবরণী প্রস্তুত করতে হবে এবং সভায় গতানুগতিক বিষয়ে আলোচনা না করে নতুন নতুন বিষয় আলোচনা করতে হবে।<br><br>(খ) উপজেলা আইসিটি কমিটির মাসিক সভায় ওয়েবপোর্টাল হালনাগাদ সংক্রান্ত আলোচনা করা এবং যেসব দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ ৯০% এর কম রয়েছে এমন দপ্তরসমূহকে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় হতে পত্র প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ৫.১। প্রস্তুতকৃত কার্যবিবরণী যথাসময়ে জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>৫.২। উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার সিদ্ধান্তে যেসব দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ ৯০% এর কম রয়েছে, এমন দপ্তরসমূহকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে পত্র প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর ও উপজেলা আইসিটি অফিসার (সকল), যশোর |
| **৬। মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ**<br>মাল্টিমিডিয়া ক্লাসের পরিচালনা সংখ্যা ও ল্যাবের সরঞ্জামের সার্বিক অবস্থা উল্লেখপূর্বক একটি প্রতিবেদন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জেলা শিক্ষা অফিসে প্রেরণ এবং শিক্ষা অফিস হতে উক্ত মাল্টিমিডিয়া ক্লাস ব্যবহারের শতকরা হারের প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ৬.১। স্কুল/কলেজের শিক্ষকগণ নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা করবেন। মাল্টিমিডিয়া ক্লাসের পরিচালনা সংখ্যা ও ল্যাবের সরঞ্জামের সার্বিক অবস্থা উল্লেখপূর্বক একটি প্রতিবেদন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জেলা শিক্ষা অফিসে প্রেরণ এবং শিক্ষা অফিস হতে উক্ত মাল্টিমিডিয়া ক্লাস ব্যবহারের শতকরা হারের প্রতিবেদন প্রতি | সহকারী কমিশনার (আইসিটি), যশোর; ও জেলা শিক্ষা কর্মকর্তা, যশোর। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | মাসে জেলা আইসিটি কমিটির মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **৭। জেলার ইন্টারনেটের তথ্যঃ**<br>(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত EDC (Establishing Digital Connectivity) প্রকল্প কর্তৃক সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে ২৪০২টি ইন্টারনেট সংযোগ প্রদান কার্যক্রমের মধ্যে প্রায় ১১৫৬টি সংযোগ প্রদান সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd এর মাধ্যমে চলমান রয়েছে।<br><br>(খ) জেলা আইসিটি অফিসার, যশোর জানান স্কুল কলেজ পর্যায়ে ইন্টারনেট সংক্রান্ত অভিযোগ গ্রহণের জন্য একটি অভিযোগ সিস্টেম তৈরী করা হয়েছে, যা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, যশোরের ওয়েবসাইটে যুক্ত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>(গ) সহকারী কমিশনার (আইসিটি) জানান ইডিসি প্রকল্পের ইন্টারনেট কানেক্টিভিটি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়কে কানেকশন প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় থেকে ১ জন এবং প্রাথমিক বিদ্যালয় থেকে ১ জন শিক্ষক প্রতিনিধি পরবর্তী সভায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ৭.১। জেলার সকল দপ্তরে নিরবচ্ছিন্ন ইন্টারনেট ও যথাযথ ব্যান্ডউইথ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br><br>৭.২। ইডিসি প্রকল্পের ইন্টারনেট কানেক্টিভিটি সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়কে কানেকশন প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় থেকে ১ জন এবং প্রাথমিক বিদ্যালয় থেকে ১ জন শিক্ষক প্রতিনিধিকে প্রতি মাসের মাসিক সভায় প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৭.৩। স্কুল কলেজ পর্যায়ে ইন্টারনেট সংক্রান্ত অভিযোগ গ্রহণের জন্য সৃজিত অভিযোগ সিস্টেমে অভিযোগ ফর্মের লিংকটি প্রচারের জন্য জেলা শিক্ষা অফিস, যশোর ও জেলা প্রাথমিক শিক্ষা অফিস, যশোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং আইএসপি প্রতিনিধি অভিযোগ প্রাপ্তির ০১ (এক) কার্য দিবসের মধ্যে ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক, যশোর; উপজেলা নির্বাহী অফিসার, (সকল), যশোর; জেলা শিক্ষা অফিসার, যশোর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর; উপজেলা আইসিটি অফিসার (সকল), যশোর; এবং সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, আইসিটি অধিদপ্তর, যশোর |
| **৮। সাইবার নিরাপত্তা / সেমিনার সংক্রান্তঃ**<br>(ক) স্কুল/কলেজে সাইবার সচেতনতা/ 4IR বিষয়ে ১ ঘন্টাব্যাপী প্রতি মাসে ২টি প্রোগ্রাম পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলা আইসিটি অফিসার, যশোর জানান ফেব্রুয়ারি ও মার্চ মাসে স্কুল-কলেজগুলো মাহে রমজান ও পবিত্র ঈদুল ফিতরের বন্ধ থাকায় এ প্রোগ্রামটি সাময়িকভাবে স্থগিত ছিল, কিন্তু বর্তমানে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে, তাই এখন থেকে প্রতি মাসে সাইবার সচেতনতা/ 4IR বিষয়ে ১ ঘন্টাব্যাপী ২টি প্রোগ্রাম পরিচালনা করা যেতে পারে।<br><br>(খ) জেলা আইসিটি অফিসার, যশোর জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ০৩/০২/২০২৬ তারিখের ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৯৯.০০০১.২৩.১৫ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তাগণকে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সীর শাখা কার্যালয়ের দায়িত্ব প্রদান করা হয়। উক্ত প্রজ্ঞাপন মোতাবেক এ জেলার সাইবার নিরাপত্তা সংক্তান্ত যেকোনো অভিযোগ (যেমনঃ অননুমোদিত প্রবেশ, তথ্য চুরি বা পরিবর্তন, সাইবার প্রতারণা, সাইবার হয়রানি ও ডিজিটাল অপরাধ, রাষ্ট্র ও গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষা ইত্যাদী) গ্রহণের লক্ষে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সী কর্তৃক Cyber Incident Reporting System (CIRS) বিষয়ক সফটওয়্যার | ৮.১। উপজেলা পর্যায়ে স্কুল/কলেজে সাইবার সচেতনতা/ 4IR বিষয়ে ১ ঘন্টাব্যাপী প্রতি মাসে ২টি প্রোগ্রাম পরিচালনা করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৮.২। এ জেলার সাইবার নিরাপত্তা সংক্তান্ত যেকোনো অভিযোগ (যেমনঃ অননুমোদিত প্রবেশ, তথ্য চুরি বা পরিবর্তন, সাইবার প্রতারণা, সাইবার হয়রানি ও ডিজিটাল অপরাধ, রাষ্ট্র ও গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষা ইত্যাদী) গ্রহণের লক্ষে জাতীয় সাইবার সুরক্ষা এজেন্সী কর্তৃক Cyber Incident Reporting System (CIRS) বিষয়ক সফটওয়্যার উন্নয়ন করা হচ্ছে, উক্ত সফটওয়্যার উন্নয়ন সম্পন্ন হলে উপরিল্লিখিত অভিযোগ গ্রহণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক, যশোর; পুলিশ সুপার, যশোর; জেলা আইসিটি অফিসার, যশোর; উপজেলা আইসিটি অফিসার (সকল), যশোর; এবং সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, আইসিটি অধিদপ্তর, যশোর। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উন্নয়ন করা হচ্ছে, উক্ত সফটওয়্যার উন্নয়ন সম্পন্ন হলে উপরিল্লিখিত অভিযোগ গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| **৯। বিবিধঃ** যুবক-যুবতীদের কম্পিউটার দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর জেলায় সরকার কর্তৃক অনুমোদিত সকল কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা প্রস্তুত করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে নিয়ে আগামী মাসে একটি সভা করা যায় কিনা এ বিষয়ে আলোচনা করা হয়। | ৯.১। যশোর জেলার সকল উপজেলা হতে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিনিধিদের নিয়ে আগামী ২০/০৪/২০২৬ তারিখে অথবা জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত সুবিধাজনক তারিখে একটি সভা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), যশোর; জেলা আইসিটি অফিসার, যশোর; সহকারি কমিশনার (আইসিটি), যশোর এবং জনাব অজয় দত্ত, ব্যবস্থাপনা পরিচালক, উৎসব টেকনোলজি, যশোর আইটি পার্ক। |

পরিশেষে সবাইকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সঠিক ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে আরও অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

মোহাম্মদ আশেক হাসান
জেলা প্রশাসক
যশোর
ও
সভাপতি
জেলা আইসিটি কমিটি, যশোর

স্মারক নম্বর: ৫৬.০৪.৪১০০.০০০.০৬.০০২.২৫.৩৩৮

তারিখঃ ১৫ চৈত্র ১৪৩২ / ২৯ মার্চ ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২) জেলা আইসিটি কমিটির সদস্য (সকল), যশোর।
৩) জনাব .................................।
৪) অফিস কপি।

২৯/০৩/২৬

মোঃ আবুল কাসেম
জেলা আইসিটি অফিসার
যশোর
ও
সদস্য সচিব
জেলা আইসিটি কমিটি, যশোর।